

এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে বরিশাল শিক্ষা বোর্ড চেয়ারম্যানকে অবরুদ্ধ

বরিশাল অফিস



সংগৃহীত ছবি

এইচএসসি পরীক্ষা পেছানোর দাবিতে বরিশাল

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চেয়ারম্যান

অধ্যাপক মো. ইউনুচ আলী সিদ্দিকীর গাড়ি

আটকে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা। এ সময়

তাকে ঘন্টাব্যাপী অবরুদ্ধ করে রাখেন শিক্ষার্থীরা।

আজ মঙ্গলবার (১৭ জুন) দুপুরে বরিশাল

নতুনাবাদ এলাকায় শিক্ষা বোর্ড চতুরে এ ঘটনা

ঘটে। এ সময় শিক্ষার্থীদের তোপের মুখে

চেয়ারম্যান অধ্যাপক মো. ইউনুচ আলী সিদ্দিকী

উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে কথা বলে শিক্ষার্থীদের

আশ্বস্ত করেন।

তিনি বলেন, ‘মন্ত্রণালয় এ বিষয়ে কাজ করছে।

শিগগিরই সিদ্ধান্ত জানানো হবে।’



ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে ছাউনি দখল, দুর্ভোগে যাত্রীরা

প্রত্যক্ষদর্শীরা জানান, শিক্ষা বোর্ড চেয়ারম্যান

আজ মঙ্গলবার দুপুরে গাড়ি নিয়ে বের হওয়ার

সময় আন্দোলনরত শিক্ষার্থীরা তাকে ঘিরে ধরেন।

শিক্ষার্থীরা পরীক্ষা পেছানোর জন্য চেয়ারম্যানকে

চাপ দেন।

কোনো সিদ্ধান্ত ছাড়া বোর্ড থেকে যাবেন না বলে

জানান তারা।

এর আগে আজ মঙ্গলবার সকাল থেকে শিক্ষা

বোর্ডের সামনে আসন্ন এইচএসসি পরীক্ষা

পেছানোর দাবিতে একদল পরীক্ষার্থী বিক্ষোভ

মিছিল ও মানববন্ধন করেন। তারা বলছেন,

করোনাভাইরাসের নতুন ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়ার

পরও স্বাস্থ্যবুকি উপেক্ষা করে পরীক্ষা নেওয়ার

সিদ্ধান্ত অমানবিক। এ জন্য তারা বাধ্য হয়ে

আন্দোলনে নামছেন।



তিস্তা মহাপরিকল্পনার রিয়ালিটি নেই : ড. আতিক
মুজাহিদ

এ সময় শিক্ষার্থীরা আগামী ২৬ জুনের এইচএসসি
পরীক্ষা ২ মাস পেছনোর দাবি জানান। এ ছাড়া
এমসিকিউ ও সৃজনশীল যৌক্তিক পাস নম্বর
নির্ধারণ করে মূল্যায়ন করা, ২০২৭ সালের নতুন
কারিকুলাম প্রবর্তনের আগেই ২০২৫ সালের
পরীক্ষার্থীদের ওপর নতুন নিয়ম চাপিয়ে না দিয়ে
আগের নিয়মে পরীক্ষা গ্রহণের দাবিও জানান
তারা। এই দাবিগুলোর পরিপ্রেক্ষিতে বরিশাল
শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর স্মারকলিপিক
দেওয়ার কথাও জানান শিক্ষার্থীরা।